

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৬/২৬৮

০৬ অক্টোবর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: গত ০৭/০৯/২০২৬ইং তারিখের পূর্বে খোলা ঋণপত্রের বিপরীতে এইচ.এস কোড হেডিং ৫২০৫, ৫২০৬, ৫২০৭ এর আওতাধীন ১০-৩০ কাউন্টের আমদানিকৃত কটন সুতার চালানের তথ্য বিজিএমইএ'তে প্রেরণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যগণ আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে, যে সকল প্রতিষ্ঠানের এইচ. এস. কোড হেডিং ৫২০৫, ৫২০৬, ৫২০৭ এর আওতায় ১০-৩০ কাউন্টের আমদানিকৃত কটন সুতার চালানের ঋণপত্র গত ০৭/০৯/২০২৬ইং তারিখের পূর্বে খোলা হয়েছে তাদেরকে উক্ত চালানের প্রয়োজনীয় তথ্য বিজিএমইএ'তে ইমেইলের (customs@bgmea.com.bd) মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের প্রেরিত তথ্য একত্রিভূত করে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট পণ্য চালান খালাসের নিমিত্তে প্রেরণ করা হবে। এ বিষয়ে কোন সহযোগিতার প্রয়োজন হলে জনাব হাবিবুল ইসলাম, অতিরিক্ত সচিব, বিজিএমইএ (মোবাইল: ০১৮১৯-২৪৯০৪৯) এর সাথে যোগাযোগ করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

উল্লেখ্য, ব্যাংক গ্যারান্টির বিপরীতে সুতা আমদানি সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের জারীকৃত আদেশ নং ৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭/০৯/২০২৬ প্রত্যাহারের বিষয়ে বাণিজ্য মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হবে এবং উক্ত সভায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

ধন্যবাদান্তে,



মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

— বাংলাদেশ তৈরি —